

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৫৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে হাদীস এটি স্পষ্ট করে দেয় যে, প্রথম যুগে নিষিদ্ধ উক্ত কাজটি পরবর্তীতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে করেছেন

ذَكَرُ خَبْرٍ يُصَرِّحُ بِاسْتِعْمَالِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا الْفِعْلَ الْمَزْجُورَ عَنْهُ

আরবী

1258 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ سِمَاكِ عَنْ عِكْرِمَةَ: عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: اغْتَسَلَ بَعْضُ أَزْوَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَفْنَةٍ فَأَرَادَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَتَوَضَّأَ مِنْهُ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي كُنْتُ جَنْبًا فَقَالَ: (الْمَاءُ لَا يُجْنَبُ)

الراوي: ابن عباس | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1258 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ لَمْ يَقُلْ: (فِي جَفْنَةٍ) إِلَّا أَبُو الْأَحْوَصِ فَإِنَّهُ قَالَ: فِي جَفْنَةٍ. وَهَذِهِ اللَّفْظَةُ دَالَّةٌ عَلَى نَفْيِ إِجَابِ الْوُضُوءِ مِنَ الْمَلَامَسَةِ إِذَا كَانَتْ مَعَ ذَوَاتِ الْمَحَارِمِ.

বাংলা

১২৫৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কোন এক স্ত্রী একটি পাত্রে গোসল করেন অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখান থেকে ওয়ূ করার ইচ্ছা করলে তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি নাপাক ছিলাম (অতঃপর আমি এই পানি দিয়ে গোসল করেছি)। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “পানি নাপাক হয় না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৩৫; নাসাঈ: ১/১২৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৯; হাকিম: ১/১৯৫; মুসান্নাফ আব্দুর

রাযযাক: ৩৯৬; ইবনুল জারুদ, আল মুনতাকা: ৪৯; সুনান বাইহাকী: ১/২৬৭; ইবনু মাজাহ: ৩৭১; দারেমী: ১/১৮৭; তাহাবী, শারহ মা'আনিল আসার: ১/২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৪, ২৫।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90571>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন